



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

ঋণ শ্রেণীবিন্যাস বিভাগ।

ফোনঃ ৯৫১৪৯১২, E-mail: dgmlcd@krishibank.org.bd



নং-প্রকা/সিএল-১(পলিসি)/২০১৯-২০/২৭০

তারিখ : ২১-০৬-২০২০

মহাব্যবস্থাপক

স্থানীয় মুখ্য কার্যালয়

উপ-মহাব্যবস্থাপক

সকল কর্পোরেট শাখা

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় : নভেল করোনা ভাইরাস (Covid-19)- এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে
সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় আর্থিক প্রণোদনা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,


শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ১১-০৬-২০২০ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৩০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ১২-০৪-২০২০ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ এর ৫(গ) নং অনুচ্ছেদ মোতাবেক (Covid-19)- এর প্রাদুর্ভাবের কারণে শিল্প ও সার্ভিস সেক্টরের অনুকূলে আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় প্রদত্ত ঋণ/বিনিয়োগ একটি চলমান ঋণ/বিনিয়োগ হিসেবে বিবেচিত হবে এবং Working Capital Under Stimulus Package নামে অভিহিত হবে ও সিএল-২ বিবরণীতে রিপোর্ট করতে হবে। এক্ষণে বাংলাদেশ ব্যাংক কর্তৃক এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে, উক্ত প্যাকেজের আওতায় ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে প্রদত্ত ঋণ/বিনিয়োগের প্রকৃতি তলবী ঋণ/বিনিয়োগ হলে, তা ঋণ শ্রেণীকরণ নীতিমালা অনুযায়ী সিএল-৩ বিবরণীতে রিপোর্ট করতে হবে এবং পূর্বের ন্যায় Working Capital Under Stimulus Package নামে অভিহিত হবে।

০২। বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ১১-০৬-২০২০ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৩০ সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো। ঋণ শ্রেণীবিন্যাস ও প্রতিশ্রুতি এর সংশোধিত নীতিমালা সংক্রান্ত বর্ণিত সার্কুলারের সকল নির্দেশনা যথাযথ/কঠোরভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

সংযুক্তিঃ ০১ (এক)।

আপনার বিশ্বস্ত,

(মুহম্মদ সাজ্জাদ হোসেন)


সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)

তারিখ : - ঐ -

নং-প্রকা/সিএল-১(পলিসি)/২০১৯-২০/২৭০(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব/অধ্যক্ষ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। তাঁকে আলোচ্য পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। নথি/মহানথি।


২১/০৬/২০২০
(মোহাম্মদ শামসুল আলম)
উর্ধতন মুখ্য কর্মকর্তা

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-৩০

১১ জুন ২০২০
তারিখঃ-----
২৮ জ্যৈষ্ঠ ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে
সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় আর্থিক প্রণোদনা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ১২ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০, ০৩ মে ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-২২/২০২০ এবং ২৫ মে ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-২৫/২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলারের ৫ (গ) নং অনুচ্ছেদে বর্ণিত রয়েছে যে, এ প্যাকেজের আওতায় প্রদত্ত ঋণ/বিনিয়োগ একটি চলমান ঋণ/বিনিয়োগ হিসেবে বিবেচিত হবে। চলমান ঋণ/বিনিয়োগটি Working Capital under Stimulus Package নামে অভিহিত হবে এবং সিএল-২ বিবরণীতে রিপোর্ট করতে হবে।

৩। এ ক্ষেত্রে এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে, করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহকে উক্ত সার্কুলার/সার্কুলার লেটারসমূহের আওতায় ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে প্রদত্ত ঋণ/বিনিয়োগের প্রকৃতি তলবী ঋণ/বিনিয়োগ হলে, তা ঋণ শ্রেণীকরণ নীতিমালা অনুযায়ী সিএল-৩ বিবরণীতে রিপোর্ট করতে হবে এবং তা পূর্বের ন্যায় Working Capital under Stimulus Package নামে অভিহিত হবে।

৪। এতদ্ব্যতীত সূত্রোল্লিখিত সার্কুলার/সার্কুলার লেটারসমূহে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২